দৈনিক
জনকণ্ঠ

7 APR 2003

## ছাত্রদলের হামলা ॥ কাল শিক্ষামন্ত্রীর কাছে স্মারকলিপি পেশ

বিশ্ববিদ্যালয় রিপোর্টার ॥ ইডেন কলেজে ছাত্রফ্রন্টের নেতাকর্মীদের ওপর ছাত্রদলের হামলার প্রতিবাদে সমাজতান্ত্রিক ছাত্রফ্রন্ট আগামীকাল মঙ্গলবার শিক্ষামন্ত্রীর কাছে স্মারকলিপি দেবে। পাশাপাশি অবিলম্বে এই ঘটনার বিচার না হলে তারা কঠোর কর্মসূচীতে যাবে। রবিবার ঢাকা বিশ্ববিদ্যালয়ের মধুর ক্যান্টিনে এক সাংবাদিক সম্মেলনে ফ্রন্টের নেতৃবৃন্দ এই কর্মসূচীর কথা জানান। সাংবাদিক সম্মেলনে লিখিত বক্তব্য পাঠ করেন ইডেন কলেজ শাখার ছাত্রফ্রন্ট সাধারণ সম্পাদক কৃষ্ণা মণ্ডল। এ সময় আরও উপস্থিত ছিলেন সংগঠনের কেন্দ্রীয় সাধারণ সম্পাদক মোশাররফ হোসেনসহ বিভিন্ন ইউনিটের নেতৃবৃন্দ। সাংবাদিক সম্মেলনে ইডেন কলেজে ছাত্রদলের বিভিন্ন নির্যাতনের কথা উল্লেখ করা হয়।